# প্রশ্নপত্র ফাঁস রোধে পরীক্ষার সময় ফেসবুক বন্ধের সম্ভাবনা নেই

প্রকাশিত: ২৯ - জানুয়ারী, ২০১৮ ১২:০০ এ. এম.

- সংসদে শিক্ষামন্ত্রী

সংসদ রিপোর্টার ॥ প্রশ্নপত্র ফাঁস রোধে পরীক্ষার সময় ফেসবুকসহ অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যম বন্ধের সম্ভাবনা নাকচ করে দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, ‘পরীক্ষার সময় ফেসবুক বন্ধের কোন কথা আমরা বলিনি, বন্ধ করার সেই ক্ষমতাও আমাদের নেই। তবে একটি নির্দিষ্ট সময়ের জন্য বা কয়েক ঘণ্টার জন্য বন্ধ রাখা যায় কি না, সে বিষয়ে বিটিআরসির সঙ্গে আলোচনা চলছে।’

স্পীকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে রবিবার জাতীয় সংসদ অধিবেশনে জাতীয় পার্টির সংসদ সদস্য পীর ফজলুর রহমানের সম্পূরক প্রশ্নের জবাবে মন্ত্রী আরও জানান, আগে প্রশ্নপত্র বিজিপ্রেস থেকে ফাঁস হত। সেখানে নানা ব্যবস্থা নেয়ার ফলে এখন সেখান থেকে হয় না। দেড় মাস ধরে এসএসসি ও এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এত দীর্ঘদিন হাজার হাজার কেন্দ্র পাহারা দিয়ে প্রশ্নপত্র ফাঁস রোধ করা শিক্ষামন্ত্রী জানান, প্রশ্নগুলো যখন পরীক্ষা কেন্দ্রে পৌঁছায় তখন কিছু শিক্ষক আছে তারা সেখানে প্রশ্ন বিলির আগে খুলে ফেসবুক ও অন্যান্য সামাজিক মাধ্যমে পাঠিয়ে দেন। আমরা এই জায়গাটাতে আটকে গেছি। তাই বিটিআরসির সঙ্গে আলোচনা করেছি তারা ওই প্রক্রিয়ায় কোন সহযোগিতা করতে পারে কি না।

তিনি বলেন, বিটিআরসিকে বলেছি একটি নির্দিষ্ট সময়ের জন্য বা কয়েক ঘণ্টার জন্য বন্ধ রাখা যায় কি না। বিটিআরসি জানিয়েছে বিভিন্ন পদ্ধতিতে এসব প্রশ্ন আসে, তাই পরীক্ষার সময়টাতে তারা সেখানে লোক নিয়োগ করে রাখবেন, যাতে পরীক্ষার সময় যদি কিছু হয় তবে তাৎক্ষণিকভাবে জানাবেন সেই অনুসারে পুলিশ ব্যবস্থা নিতে পারে। বিটিআরসি আরও বলেছে বন্ধ না করেও অন্যভাবে তারা সহযোগিতা করবেন। জনগণের ব্যাঘাত সৃষ্টির জন্য আমরা কিছু বলিনি।

জঙ্গীবাদ নিয়ন্ত্রণে শিক্ষার্থীদের ওপর নজরদারি ॥ সরকার দলীয় সংসদ সদস্য এম আবদুল লতিফের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, জঙ্গীবাদ নিয়ন্ত্রণের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানে দীর্ঘদিন অনুপস্থিত শিক্ষার্থীদের ওপর নজরদারি করা হয়। শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষার্থীর অভিভাবকের ঠিকানা ও মোবাইল ফোন নম্বর সংরক্ষণ করবে এবং কোন শিক্ষার্থীর অনুপস্থিতির কারণ সন্দেহজনক প্রতীয়মান হলে অভিভাবকের সঙ্গে আলোচনা করবে। এছাড়া সরকারী ও গুরুত্বপূর্ণ বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের সঙ্গে মতবিনিময় সভা করে সন্ত্রাস ও জঙ্গীবাদ নির্মূলের বিষয়ে দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com ।। Copyright ® All rights reserved by dailyjanakantha.com

Developed By Bikiran.Com